# MCQ Climatology

1. বায়ুমণ্ডলের কত শতাংশ পদার্থ সমুদ্র সমতল থেকে প্রায় 30 কিমি উচ্চতার মধ্যে অবস্থান করে?
   (a) 95.6% (b) 97% (c) 96% (d) 99%
2. বায়ুমণ্ডলের বিভিন্ন গ্যাসীয় উপাদানগুলির মধ্যে পরিমাণগত দিক থেকে কোন্ গ্যাসটি দ্বিতীয় স্থানে রয়েছে?
   (a) কার্বন ডাই-অক্সাইড (b) নাইট্রোজেন (c) অক্সিজেন (d) জলীয়বাষ্প
3. নিম্নলিখিত কোনটি শীতল বায়ু?
   (a) ফন (b) মিস্ট্রাল (c) খামসিন (d) সিরোক্কো
4. বিষম-মণ্ডলের তৃতীয় উপস্তরের নাম কী?
   (a) হাইড্রোজেন স্তর (b) হিলিয়াম স্তর (c) আণবিক নাইট্রোজেন স্তর (d) পারমাণবিক অক্সিজেন স্তর
5. কোন্ অঞ্চলে ট্রপোপজের তাপমাত্রা '–80°C' দেখা যায়?
   (a) মেরু অঞ্চল (b) ক্রান্তীয় অঞ্চল (c) উপক্রান্তীয় অঞ্চল (d) নিরক্ষীয় অঞ্চল
6. বিজ্ঞানী Teisserenc de Bort বায়ুমণ্ডলের কোন্ স্তরের নামকরণ করেন?
   (a) ট্রপোস্ফিয়ার (b) ট্রপোপজ (c) আয়নোস্ফিয়ার (d) মেসোস্ফিয়ার
7. 'Where the mixing stops' কোন্ স্তরকে বলা হয়?
   (a) ট্রপোস্ফিয়ার (b) স্ট্র্যাটোপজ (c) ট্রপোপজ (d) আয়নোস্ফিয়ার
8. ওজোনোস্ফিয়ার-এর অপর নাম কী?
   (a) স্ট্র্যাটোস্ফিয়ার (b) স্ট্র্যাটোপজ (c) থার্মোস্ফিয়ার (d) ট্রপোস্ফিয়ার
9. কোন্ স্তরে 'নকটি লুসেন্ট' জাতীয় মেঘ দেখা যায়?
   (a) মেসোস্ফিয়ার (b) ট্রপোপজ (c) ট্রপোস্ফিয়ার (d) ওজোনোস্ফিয়ার
10. সুমেরু ও কুমেরু প্রভা কোন্ স্তরে লক্ষ করা যায়?
    (a) আয়নোস্ফিয়ার (b) ট্রপোস্ফিয়ার (c) মেসোস্ফিয়ার (d) স্ট্র্যাটোস্ফিয়ার
11. মেরু অঞ্চলে ট্রপোপজের উষ্ণতা কত?
    (a) –45°C (b) –70°C (c) 44°C (d) 45·5°C
12. 'ট্রপোপজ' কথাটির আবিষ্কারক কে?
    (a) Teisserenc de Bort (b) Sir Napier Shaw (c) Van Allen (d) কেউ নন
13. Kennelly Heaviside Layer কোন্ স্তরকে বলা হয়?
    (a) আয়নোস্ফিয়ার (b) ট্রপোস্ফিয়ার (c) মেসোপজ (d) ওজোনোস্ফিয়ার
14. সাম্প্রতিককালে আবিষ্কৃত বায়ুমণ্ডলের সর্বোচ্চ ঊর্ধ্বসীমা কী?
    (a) এক্সোস্ফিয়ার (b) ওজোনোস্ফিয়ার (c) ম্যাগনেটোস্ফিয়ার (d) উপরোক্ত কোনোটিই নয়
15. কোন্ স্তরকে 'Van Allen Radiation Belt' বলা হয়?
    (a) ট্রপোপজ (b) ম্যাগনেটোস্ফিয়ার (c) এক্সোস্ফিয়ার (d) মেসোস্ফিয়ার
16. কোন্ স্তরে 'Appleton Layer' দেখা যায়?
    (a) আয়নোস্ফিয়ার (b) ট্রপোস্ফিয়ার (c) মেসোস্ফিয়ার (d) ম্যাগনেটোস্ফিয়ার
17. কোন্ স্তরে প্রোটন ও ইলেকট্রন-এর প্রাধান্য দেখা যায়?
    (a) ম্যাগনেটোস্ফিয়ার (b) আয়নোস্ফিয়ার (c) এক্সোস্ফিয়ার (d) উপরোক্ত কোনোটিই নয়
18. বায়ুমণ্ডলের কোন্ স্তরে বায়ুর চাপ কম থাকে?
    (a) মেসোস্ফিয়ার (b) ট্রপোস্ফিয়ার (c) স্ট্র্যাটোস্ফিয়ার (d) এক্সোস্ফিয়ার
19. সিরাস মেঘ কোন্ স্তরে দেখা যায়?
    (a) উচ্চ স্ট্র্যাটোস্ফিয়ার (b) নিম্ন স্ট্র্যাটোস্ফিয়ার (c) উচ্চ ট্রপোস্ফিয়ার (d) এদের কোনোটিই নয়
20. মেসোপজে বায়ুর সর্বনিম্ন উষ্ণতা কত পরিলক্ষিত হয়?
    (a) –50°C (b) –75°C (c) –80°C (d) –25°C
21. সৌরকলঙ্ক বাড়া-কমার সঙ্গে যুক্ত থাকে
    (a) $F_1$ স্তর (b) $F_3$ স্তর (c) $F_2$ স্তর (d) F স্তর
22. গ্রিনহাউস-এর মধ্যে তাপমাত্রা থাকে
    (a) 27°C–30°C (b) 38°C –40°C (c) 30°C–34°C (d) 40°C –44°C
23. 'Greenhouse Effect' কথাটি কে প্রথম ব্যবহার করেছিলেন?
    (a) সোভানেট আরহেনিয়াস (b) চেম্বারলিন (c) হেনরিকুলন (d) স্কোনবি
24. গ্রিনহাউস গ্যাস নিঃসরণকারী পৃথিবীর উল্লেখযোগ্য দেশগুলির মধ্যে প্রথম হল
    (a) ব্রিটেন (b) U.S.A (c) চিন (d) কানাডা
25. 2009 সালের পরিবেশ সম্পর্কিত সম্মেলনটি কোন্ শহরে হয়েছিল?
    (a) রিও ডি জেনিরো (b) কোপেনহেগেন (c) ডর্টমুন্ড (d) মন্ট্রিল
26. 2012 সালে দোহা সম্মেলনটি কততম সম্মেলন ছিল?
    (a) 12তম (b) 18তম (c) 20তম (d) 16তম
27. আন্টার্কটিকা অঞ্চলে ওজোন স্তর ক্ষয়কে ওজোন গহ্বরের নামকরণ করেন
    (a) ড. এ. সি. ফারমেন (b) স্কোনবি (c) আরহেনিয়াস (d) উপরোক্ত কেউ নন

28. E.P.I.-এর পুরো নাম কী?
(a) Environmental Protection Index
(b) Environmental Performance Index
(c) Environmental Profit Index
(d) Environmental Protein Index

29. 2022 সালে E.P.I-এর শ্রেষ্ঠ স্থান কোন্ দেশ পেয়েছে?
(a) ভারত (b) অস্ট্রেলিয়া
(c) ডেনমার্ক (d) গ্রিনল্যান্ড

30. বায়ুমণ্ডলীয় গোলযোগের মূল উপাদান হল
(a) অক্সিজেন (b) ধূলিকণা
(c) জলীয়বাষ্প (d) কার্বন ডাইঅক্সাইড

31. কোন্ অঞ্চলে ওজোন স্তরের ঘনত্ব সর্বাপেক্ষা কম?
(a) মেরু অঞ্চল (b) নিরক্ষীয় অঞ্চল
(c) ক্রান্তীয় অঞ্চল (d) কোনটিই নয়

32. বায়ুমণ্ডলের 'অশান্ত মণ্ডল' কোন্ স্তরকে বলে?
(a) ট্রপোপজ (b) স্ট্র্যাটোস্ফিয়ার
(c) ট্রপোস্ফিয়ার (d) আয়নোস্ফিয়ার

33. পরিবেশ নিয়ম সংক্রান্ত সম্মেলন 1992 সালে কোন্ শহরে অনুষ্ঠিত হয়েছিল?
(a) ডেনমার্ক (b) রিও-ডি-জেনিরো
(c) কোপেনহেগেন (d) রাশিয়া

34. অক্ষাংশ বৃদ্ধির সঙ্গে সঙ্গে উষ্ণতার হার হ্রাস পায়
(a) ·27°C (b) ·28°C (c) ·266°C (d) ·25°C

35. বায়ুমণ্ডলের কোন্ স্তরে উষ্ণতার বৈপরীত্য দেখা যায়?
(a) স্ট্র্যাটোস্ফিয়ার (b) স্ট্র্যাটোপজ
(c) ট্রপোস্ফিয়ার (d) ম্যাগনেটোস্ফিয়ার

36. সর্বাধিক উষ্ণতার প্রসর কোন্ অঞ্চলে দেখা যায়?
(a) মরু অঞ্চলে
(b) ক্রান্তীয় উষ্ণ শুষ্ক মরু অঞ্চলে
(c) নিরক্ষীয় অঞ্চলে (d) আর্দ্রক্রান্তীয় অঞ্চলে

37. উষ্ণতার প্রসর সর্বনিম্ন হয়
(a) নিরক্ষীয় অঞ্চলে (b) ক্রান্তীয় অঞ্চলে
(c) মেরু অঞ্চলে (d) মরু অঞ্চলে

38. আন্তর্জাতিক ওজোন স্তর সুরক্ষা দিবস
(a) 10 নভেম্বর (b) 5 মার্চ
(c) 13 সেপ্টেম্বর (d) 16 সেপ্টেম্বর

39. পার্বত্য অঞ্চলে শীতল ভারী বায়ু ঢাল বেয়ে নীচের দিকে নেমে আসাকে কী বলে?
(a) পার্বত্য বায়ু (b) উপত্যকা বায়ু
(c) শীতল বায়ু (d) উষ্ণ বায়ু

40. উপত্যকা বায়ুর অপর নাম কী?
(a) অ্যানাবেটিক বায়ু (b) ক্যাটাবেটিক বায়ু
(c) সমুদ্র বায়ু (d) স্থল বায়ু

41. বায়ুচাপের সঙ্গে বায়ু প্রবাহের সম্পর্কের উপর তৈরি সূত্রটি কী?
(a) ফেরেল সূত্র (b) বাইস ব্যালট সূত্র
(c) বায়ুপ্রবাহের সূত্র (d) কোরিওলিস সূত্র

42. মিস্ট্রাল কী ধরনের বায়ু?
(a) শীতল স্থানীয় বায়ু (b) আকস্মিক বায়ু
(c) উষ্ণ স্থানীয় বায়ু (d) উপরোক্ত কোনোটিই নয়

43. পৃথিবীর আবর্তন গতির কারণে দিক বিক্ষেপক শক্তিকে বলে
(a) মাধ্যাকর্ষণ শক্তি (b) কোরিওলিস শক্তি
(c) জিওস্ট্রফিক শক্তি (d) ঘূর্ণন শক্তি

44. বায়ুর ঘর্ষণ শক্তি বৃদ্ধি পেলে তির্যক কোণে প্রবাহিত হয়। উচ্চতা বাড়লে বায়ুপ্রবাহে ঘূর্ণন দেখা যায়। এরূপ ঘূর্ণনকে বলে
(a) ঘূর্ণন বায়ু (b) একম্যান স্পাইরাল
(c) তির্যক বায়ু (d) জিওস্ট্রফিক বায়ু

45. প্রথম 'Desertification Conference' কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
(a) এল ওবেইদ (b) নাইরোবি
(c) কাম্পালা (d) লাগোস

46. 2022 সালের E.P.I-তে ভারতে স্থান
(a) 62 নং (b) 93 নং (c) 180 নং (d) 131 নং

47. Solar constant-এর মান প্রতি বর্গসেমি আয়তনে কত?
(a) 1·94 ক্যালোরি/মিনিট (b) 1·80 ক্যালোরি/মিনিট
(c) 2·30 ক্যালোরি/মিনিট (d) 1·96 ক্যালোরি/মিনিট

48. সূর্যের বহিঃপৃষ্ঠের তাপমাত্রা
(a) 5500°C (b) 6000°C (c) 7000°C (b) 6500°C

49. পৃথিবীতে আগত সৌরশক্তির কত শতাংশ বায়ুমণ্ডলীয় গ্যাস ও জলীয় বাষ্প দ্বারা শোষিত হয়?
(a) 2 (b) 7 (c) 16 (d) 14

50. Infrared Ray-এর তরঙ্গদৈর্ঘ্য
(a) 0·45 μm (b) 0·75 μm
(c) 0·59 μm (d) 0·90 μm

51. বায়ুর আর্দ্রতা পরিমাপের জন্য ব্যবহৃত যন্ত্র হল
(a) ব্যারোমিটার (b) হাইগ্রোমিটার
(c) রেইনগেজ (d) থার্মোমিটার

52. অ্যালবেডোর পরিমাণ
(a) 30% (b) 34% (c) 33% (d) 40%

53. কত ডিগ্রি অক্ষাংশে সূর্যরশ্মি লম্বভাবে বা তির্যক ভাবে পড়ে?
(a) 0° এবং $66\frac{1}{2}°$ উত্তর ও দক্ষিণ
(b) $23\frac{1}{2}°$ উত্তর এবং $66\frac{1}{2}°$ দক্ষিণ
(c) $23\frac{1}{2}°$ উত্তর (d) $66\frac{1}{2}°$ দক্ষিণ

54. সৌরশক্তি ক্ষুদ্র তরঙ্গরূপে পৃথিবীর বায়ুমণ্ডলকে উত্তপ্ত করে
(a) 34% (b) 66%
(c) 40% (d) 19%

55. ইলেকট্রনের ঘনত্ব অনুযায়ী বায়ুমণ্ডলের কোন্ স্তরটিকে 5টি উপবিভাগে ভাগ করা হয়েছে?
(a) আয়নোস্ফিয়ার (b) এক্সোস্ফিয়ার
(c) স্ট্র্যাটোস্ফিয়ার (d) উপরোক্ত কোনোটিই নয়

56. ENSO চক্রের এল নিনো হল
(a) শীতল পর্যায় (b) উষ্ণ পর্যায়
(c) উষ্ণ-শীতল পর্যায়
(d) উপরোক্ত কোনোটিই নয়

57. ENSO কথাটির প্রবক্তা
(a) গিলবার্ট ওয়াকার (b) ক্রিসমরিশ
(c) স্কোনবি (d) ফেরেল

58. ESNO চক্র আবির্ভূত হয়
(a) 2–7 বছর অন্তর (b) 3–4 বছর অন্তর
(c) 4–7 বছর অন্তর (d) 5–8 বছর অন্তর

59. লা-নিনার অপর নাম
(a) এল ভিয়েজো (b) শিশু খ্রিষ্ট
(c) শান্ত মেয়ে (d) উপরোক্ত কোনোটিই নয়

60. লা-নিনা সমুদ্রস্রোতটি লক্ষ করা যায়
(a) 5° উঃ–10° দঃ অক্ষাংশ (b) 5° উঃ–5° দঃ অক্ষাংশ
(c) 50° উঃ–50° দঃ অক্ষাংশ (d) 50° উঃ–5° দঃ অক্ষাংশ

61. বায়ুমণ্ডলীয় চাপ এক ডবসন একক বলতে বোঝায়
(a) 0·001 mm (b) 0·01 mm
(c) 0·0001 mm (d) 0·0001 mm

62. কোন্ সালে CFC-কে ওজোন স্তর ধ্বংসের কারণ হিসেবে চিহ্নিত করা হয়?
(a) 1972 সালে (b) 1974 সালে
(c) 1975 সালে (d) 1985 সালে

63. বায়ুর গতিবেগ মাপার যন্ত্র হল
(a) অ্যানিমোমিটার (b) হাইড্রোমিটার
(c) প্ল্যানিমিটার (d) রেডিয়োমিটার

64. বায়ুমণ্ডলের আর্দ্রতা মাপা হয়—— যন্ত্রের সাহায্যে।
(a) রেডিয়োমিটার (b) হাইগ্রোমিটার
(c) হাইড্রোমিটার (d) থার্মোমিটার

65. 15°C তাপমাত্রায় গড় বায়ু চাপ
(a) 1013·25 mb (b) 1013·50 mb
(c) 1013·75 mb (d) 1013·00 mb.

66. ক্রান্তীয় ঘূর্ণবাতের চক্ষুর ব্যাস কত?
(a) 30-65 কিমি (b) 65-120 কিমি
(c) 10 কিমি (d) 10-20 কিমি

67. অশ্ব অক্ষাংশ লক্ষ করা যায়
(a) 25°–35° উঃ ও দঃ অক্ষাংশে
(b) 5°–15° অক্ষাংশ
(c) 40°–60° উঃ অক্ষাংশ (d) 30°–35° উঃ অক্ষাংশে

68. কত সালে হ্যাডলি কোশের ধারণা প্রবর্তিত হয়?
(a) 1735 সালে (b) 1740 সালে
(c) 1730 সালে (d) 1743 সালে

69. ওয়াকার সঞ্চালন লক্ষ করা যায় কত ডিগ্রি অক্ষাংশে?
(a) 30° উঃ ও দঃ অক্ষাংশে (b) 30° দঃ অক্ষাংশে
(c) 0–25° উঃ অক্ষাংশে (d) উপরোক্ত কোনোটিই নয়

70. ডোলড্রামে বায়ুর প্রবাহ
(a) উর্ধ্বমুখী (b) নিম্নমুখী
(c) উভমুখী (d) উপরোক্ত কোনোটিই নয়

71. এল-নিনো শব্দের অর্থ হল
(a) যিশু খ্রিস্ট (b) শিশু খ্রিস্ট
(c) যিশু কন্যা (d) শিশু কন্যা

72. ওয়াকার সঞ্চালন-এর সক্রিয় পর্যায়ে সাধারণত কটি কোশের মাধ্যমে সম্পন্ন হয়?
(a) 2টি (b) 3টি (c) 4টি (d) 5টি

73. ওয়াকার সঞ্চালন কোশের নিস্তেজ পর্যায়ে উল্লেখযোগ্য বায়ুমণ্ডলীয় ঘটনাটি হল
(a) এল-নিনো (b) লা-নিনা
(c) টাইফুন (d) টর্নেডো

74. ত্রিকোশ মডেলের পরোক্ষ তাপীয় কোশটির নাম ছিল
(a) হ্যাডলি কোশ (b) ফেরেল কোশ
(c) মেরু কোশ (d) ওয়াকার কোশ

75. দ্রাঘিমারেখা বরাবর বায়ু সংবহনের ত্রিকোশ মডেলের প্রবর্তক বিজ্ঞানী হলেন
(a) হ্যাডলি (b) জি. ওয়াকার
(c) পলম্যান (d) সি. জি. রসবি

76. আয়ন বায়ু ও প্রত্যায়ন বায়ুর সংবহন চক্রে যুক্ত কোন্‌টি?
(a) মেরুকোশ (b) ওয়াকার কোশ
(c) ফেরেল কোশ (d) হ্যাডলি কোশ

77. অক্ষরেখা বরাবর বায়ু সংবহনের সুপরিচিত কোশটি হল
(a) ওয়াকার কোশ (b) ফেরেল কোশ
(c) হ্যাডলি কোশ (d) রসবি কোশ

78. ফেরেল কোশের উভয় গোলার্ধে অক্ষাংশ গত বিস্তার হল
(a) 0°–30° (b) 30°–60° (c) 60°–60° (d) 60°–90°

79. হ্যাডলি কোশের উভয় গোলার্ধে অক্ষাংশগত বিস্তার হল
(a) 0°–30° (b) 30°–60° (c) 50°–60° (d) 60°–90°

80. মেরু সঞ্চালন কোশে কোরিওলিস বলের প্রভাবে বায়ু বিক্ষিপ্ত হয়ে পরিণত হয়
(a) উত্তরে বায়ুতে (b) দক্ষিণী বায়ুতে
(c) পশ্চিমী বায়ুতে (d) পুবালি বায়ুতে

81. ফেরেল সঞ্চালন কোশের সঙ্গে যুক্ত বায়ুপ্রবাহটি হল
(a) পুবালি বায়ু (b) পশ্চিমা বায়ু
(c) আয়ন বায়ু (d) মেরু বায়ু

82. পশ্চিমা বায়ুর গতিবেগ কোন্ ঋতুতে বেশি হয়?
(a) গ্রীষ্ম (b) শীত (c) বর্ষা (d) বসন্ত ঋতুতে

83. ওয়াকার কোশের সতেজ পর্যায়ে অধিক বৃষ্টিপাত ঘটে
(a) আমাজন অববাহিকায়
(b) দক্ষিণ আটলান্টিক মহাসাগরে
(c) পেরু উপকূলে
(d) দক্ষিণ ভারত মহাসাগরে

84. ঊর্ধ্ব ট্রপোস্ফিয়ারে তীব্র গতির জিওস্ট্রপিক বায়ুপ্রবাহকে কী বলে?
(a) উইলি-উইলি (b) সাইক্লোন
(c) হ্যারিকেন (d) জেট বায়ু

85. এল-নিনোর বছরগুলিতে উষ্ণ সমুদ্রস্রোতের আবির্ভাব ঘটে
(a) পেরু-ইকুয়েডর উপকূলে
(b) জাপান উপকূলে (c) মাদাগাস্কার উপকূলে
(d) মোজাম্বিক উপকূলে

86. বায়ুচাপ কক্ষের সংখ্যা বেশি লক্ষ করা যায়
(a) উত্তর গোলার্ধে (b) দক্ষিণ গোলার্ধে
(c) (a) ও (b) উভয়ই (d) উপরোক্ত কোনোটিই নয়

87. ভূপৃষ্ঠ থেকে প্রায় কত উচ্চতায় জিওস্ট্রপিক বায়ু লক্ষ করা যায়?
(a) 500–1000 মিটার (b) 200–300 মিটার (c) 300–400 মিটার (d) 400–700 মিটার

88. ক্রোধোন্মত্ত পঞ্চাশ লক্ষ করা যায়—— অক্ষাংশে।
(a) 50° দক্ষিণ (b) 50° উঃ ও দঃ
(c) 50° উঃ (d) উপরোক্ত কোনোটিই নয়

89. তীক্ষ্ণ চিৎকারকারী ষাট লক্ষ করা যায়
(a) 60° দক্ষিণ (b) 60° উঃ
(c) 60° উঃ ও দঃ (d) উপরোক্ত কোনোটিই নয়

90. ইতালির আড্রিয়াটিক উপকূলে শীতকালে প্রবাহিত স্থানীয় বায়ু হল
(a) মিস্ট্রাল (b) বোরা (c) চিনুক (d) হারমাট্টান

91. হারমাট্টান প্রবাহিত হয়
(a) মিশরে (b) লিবিয়া
(c) গিনি উপকূলে (d) গুয়ানা

92. রাইন নদীর উপত্যকায় শীতল বায়ুপ্রবাহকে বলে
(a) বোরা (b) ফন (c) খামসিন (d) লেভেচ

93. রকি পর্বতমালার পৃষ্ঠঢালে প্রবাহিত উষ্ণ ও শুষ্ক স্থানীয় বায়ু হল
(a) চিনুক (b) লু (c) আঁধি (d) সাইমুন

94. পশ্চিম আফ্রিকায় উষ্ণ শুষ্ক স্থানীয় বায়ুকে বলা হয়
(a) ফন (b) জোন্ডা
(c) ব্লিজার্ড (d) উপরোক্ত কোনোটিই নয়

95. বিউফোর্ট স্কেলে অতি প্রবল ঝড়-এর গতি
(a) 50–60 kp/h (b) 75–88 kp/h
(c) 89–102 kp/h (d) 117 and above

96. 'Doctor Wind' হল এক প্রকার
(a) শীতল-শুষ্ক বায়ু (b) উষ্ণ-আর্দ্র বায়ু
(c) উষ্ণ-শুষ্ক বায়ু (d) উপরোক্ত কোনোটিই নয়

97. ট্রপোস্ফিয়ারে তাপমাত্রার হ্রাসকে বলা হয়
(a) অ্যাডিয়াবেটিক রেট (b) ল্যাপস রেট
(c) তাপমাত্রা রেট (d) তাপীয় রেট

98. 100 mb বায়ুচাপে বায়ুর জলীয় বাষ্প ধারণ ক্ষমতা
(a) 27.69 gm/kg (b) 27.69 $cm^2$/kg
(c) 27.69 kg/$gm^2$ (d) 27.69 gm/mit

99. দুটি পাহাড়ের মাঝখান দিয়ে ঊর্ধ্বমুখী বায়ুস্রোত প্রবাহিত হওয়াকে বলে
(a) পার্বত্য বায়ু (b) উপত্যকা বায়ু
(c) শীতল বায়ু (d) উষ্ণ বায়ু

100. Polar Front Theory-র প্রবক্তা হলেন
(a) সোভেন (b) বার্জানরন ও ফিন্ডিসন
(c) বার্কনেস ও বার্কনেস (d) চেম্বারলিন

101. মৌসুমি বায়ুর উৎপত্তি সম্পর্কে Halley তাপীয় তত্ত্ব কত সালে প্রকাশিত হয়?
(a) 1986 খ্রি. (b) 1686 খ্রি. (c) 1786 খ্রি. (d) 1886 খ্রি.

102. জলাকর্ষীয় কণার আয়তন
(a) 0.0001 μm–10 μm (b) 0.001 μm–1 μm
(c) 0.1–0.001 μm (d) উপরোক্ত কোনোটিই নয়

103. শুষ্ক রুদ্ধ তাপীয় পরিবর্তনে তাপহ্রাসের হার প্রতি কিমিতে
(a) 10°C/km (b) 6.4°C/km
(c) 6·5°C/km (d) 9·5 C/km

104. আর্দ্ররুদ্ধ তাপীয় বায়ুতে তাপহ্রাসের হার
(a) 6.4 C/km (b) 6.8C/km
(c) 10. C/km (d) উপরোক্ত কোনোটিই নয়

105. সংঘর্ষ সম্মিলন তত্ত্বের প্রবক্তা হলেন
(a) বার্কনেস (b) বার্জারন ও ফিন্ডিসেন
(c) ব্রোভেন (d) উপরোক্ত কোনোটিই নয়

106. হিমকেলাস তত্ত্বের প্রবক্তা হলেন
(a) বার্জারন ও ফিন্ডিসেন (b) বার্কনেস
(c) হ্যাডলি (d) উপরোক্ত কোনোটিই নয়

107. পরিচলন বৃষ্টিপাত হয়
(a) কিউমুলোনিম্বাস মেঘ (b) সিরাস
(c) স্ট্র্যাটাস (d) নিম্বাস মেঘ

108. তুষার কণা সৃষ্টি হয় ________ থেকে।
(a) জলীয়বাষ্প (b) অধঃক্ষেপণ
(c) শিশির (d) কুয়াশা

109. ঘনীভবনের একটি রূপ হল
(a) কুয়াশা (b) তুহিন
(c) শিশির (d) উপরোক্ত সবগুলিই

110. মৌসুমি হল এক প্রকার
(a) সাময়িক বায়ু (b) নিয়মিত বায়ু
(c) স্থানীয় বায়ু (d) সমুদ্র বায়ু

111. ক্রান্তীয় ঘূর্ণবাতের উৎপত্তি স্থল
(a) উষ্ণ সমুদ্রপৃষ্ঠ (b) শীতল সমুদ্রপৃষ্ঠ
(c) স্থলভাগ (d) পার্বত্য এলাকা

112. ক্রান্তীয় ঘূর্ণবাত সৃষ্টির জন্য সমুদ্র জলের তাপমাত্রা কমপক্ষে
(a) 24°C (b) 25·6°C (c) 26°C (d) 27°C

113. বায়ু সঞ্চালনের ত্রি-কক্ষীয় মডেলের উপস্থাপন করেন
(a) পলম্যান (b) হ্যাডলি
(c) জি. টেলর (d) হেনরি পিডিংটন

114. প্রতীপ ঘূর্ণবাত সৃষ্টি হয়.
(a) ক্রান্তীয় অঞ্চলে (b) মরু অঞ্চলে
(c) নিরক্ষীয় অঞ্চলে (d) মেরু অঞ্চলে

115. ক্যারিবিয়ান উপসাগরে ক্রান্তীয় ঘূর্ণবাতের নাম
(a) হ্যারিকেন (b) টর্নেডো
(c) সাইক্লোন (d) টাইফুন

116. উষ্ণ ও শীতল সীমান্ত সৃষ্টি হয়
(a) মধ্য অক্ষাংশীয় ঘূর্ণবাতে (b) ক্রান্তীয় ঘূর্ণবাতে
(c) বজ্রঝঞ্ঝায় (d) প্রবল বর্ষণে

117. গ্রীষ্মকালে ক্রান্তীয় ঘূর্ণবাতের সৃষ্টির জন্য তাপমাত্রা প্রয়োজন
(a) 27°C (b) 30°C (c) 20°C (d) 35°C

118. পৃথিবীর প্রবলতম ঘূর্ণিঝড় হল
(a) টর্নেডো (b) টাইফুন
(c) সাইক্লোন (d) সুপার সাইক্লোন

119. মধ্য অক্ষাংশীয় ঘূর্ণবাতে দুটি ভিন্নধর্মী সীমান্ত মিলে যে সীমান্ত সৃষ্টি হয় তাকে বলে
(a) অবরুদ্ধ সীমান্ত (b) অন্তর্লীন সীমান্ত
(c) শীতল সীমান্ত (d) উষ্ণ সীমান্ত

120. নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতের উৎপত্তি হয়
(a) দুটি ভিন্নধর্মী বায়ুর মিলনে
(b) দুটি সমধর্মী বায়ুর মিলনে
(c) উষ্ণ ও আর্দ্র বায়ুর মিলনে
(d) শুষ্ক ও শীতল বায়ুর মিলনে

121. প্রতীপ ঘূর্ণবাতের যেরকম আবহাওয়া থাকে
(a) মেঘাচ্ছন্ন আকাশ (b) মেঘমুক্ত আকাশ
(c) বজ্র ঝঞ্ঝাপূর্ণ আকাশ (d) উষ্ণ হালকা বায়ুপ্রবাহ

122. প্রতীপ ঘূর্ণবাত সৃষ্টি হয়
(a) শীতল সমুদ্রে (b) উপকূলবর্তী স্থলভাগে
(c) অভ্যন্তরীণ স্থলভাগে (d) উষ্ণ সমুদ্রে

123. ঘূর্ণবাতের অবস্থান ও গতিপথ পরিবর্তিত হয়
(a) উত্তরায়ণের সময় (b) দক্ষিণায়নের সময়
(c) উত্তর ও দক্ষিণায়নের সময় (d) মহাবিষুবের সময়ে

124. উচ্চতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে শীতল প্রতীপ ঘূর্ণবাতের তীব্রতা
(a) বৃদ্ধিপায় (b) হ্রাস পায়
(c) একই রকম থাকে (d) একই রকম থাকে না

125. প্রতীপ ঘূর্ণবাতের ব্যাস প্রায়
(a) 100 কিমি (b) 2000 কিমি
(c) 3000 কিমি (d) 4000 কিমি

126. নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতের সমোষ্ণ রেখাগুলির আকৃতি হয়
(a) বৃত্তাকারে (b) বর্গাকার
(c) 'V' আকৃতির (d) অর্ধবৃত্তাকার

127. নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতে দেখা যায়
(a) কিউমুলাস মেঘ (b) কিউমুলোনিম্বাস মেঘ
(c) স্ট্র্যাটাস মেঘ (d) নিম্বাস মেঘ

128. অতিবেগুনি রশ্মি কয় প্রকার?
(a) তিন প্রকার (b) চার প্রকার
(c) দুই প্রকার (d) পাঁচ প্রকার

129. টাইফুন ঝড়ের সময় বাতাসের চাপ থাকে
(a) 350 mb (b) 4500 mb
(c) 960 mb (d) 1050 mb

130. প্রতীপ ঘূর্ণবাতের প্রবক্তা
(a) ফেরেল (b) হ্যাডলি
(c) গ্যালটন (d) মরিশ

131. বায়ুমণ্ডলের সমচাপ এবং সমতাপ রেখা যদি পরস্পরকে ছেদ করে তখন তাকে ________ বলে।
(a) ব্যারোট্রপিক (b) ব্যারোক্লিনিক
(c) সমোষ্ণ রেখা (d) কোনোটিই নয়

132. ক্রান্তীয় পুবালি জেট ভারতের ওপর অবস্থান করে
(a) 30° অক্ষাংশে (b) 5° অক্ষাংশে
(c) 20° অক্ষাংশে (d) 40° অক্ষাংশে

133. জেট বায়ুর গতিবেগ ঘণ্টায়
(a) 50–100 km (b) 100–500 km
(c) 700–900 km (d) 1000 km

134. Subtropical Jet Stream কত ডিগ্রি অক্ষাংশে লক্ষ করা যায়?
(a) 0°–5° অক্ষাংশ (b) 25°–35° অক্ষাংশ
(c) 40°–50° অক্ষাংশ (d) কোনোটিই নয়

135. কোন্ সময় Polar Front Jet Stream দেখা যায়?
(a) শীতকালে (b) গ্রীষ্মকালে
(c) সারাবছর (d) দেখা যায় না

136. Maritime Airmass লক্ষ করা যায়
(a) নিরক্ষীয় অঞ্চলে (b) ক্রান্তীয় অঞ্চলে
(c) মেরু অঞ্চলে (d) মরু অঞ্চলে

137. 'Frontogenesis' কথাটি প্রথম ব্যবহার করেন
(a) টি বার্জারন (b) কোপেন
(c) বার্কনেস (d) ফেরেল

138. উষ্ণ বায়ু প্রাচীরের গড় ঢাল হল
(a) 1 : 100–1 : 200 (b) 1 : 50–1 : 100
(c) 1 : 25–1 : 80 (d) 1 : 100–1 : 400

139. কোপেনকৃত জলবায়ু শ্রেণিবিভাগে 'Df' বলতে কোন্ অঞ্চলকে নির্দেশ করে?
(a) আর্দ্র-শীতল জলবায়ু (b) নাতিশীতোষ্ণ জলবায়ু
(c) মেরু জলবায়ু (d) মরু জলবায়ু

140. টিউনিশিয়ার প্রবাহিত স্থানীয় বায়ুর নাম
(a) ঘিবলি (b) ফন (c) চিনুক (d) মিস্ট্রাল

141. $CO_2$-এর তুলনায় $CH_4$ গ্যাসের কত গুণ উষ্ণকরণ ক্ষমতা আছে?
(a) 20 গুণ (b) 23 গুণ (c) 24 গুণ (d) 25 গুণ

142. সার্দান অসিলেশন বলা হয়
(a) লা-নিনা (b) এল-নিনো
(c) টাইফুন (d) সাইক্লোন

143. থর্নওয়েটের 1948-এর জলবায়ু শ্রেণিবিভাগে Temperature Province-এর সংখ্যা ছিল
(a) 7টি (b) 5টি (c) 9টি (d) 8টি

144. কোপেন তাঁর জলবায়ু শ্রেণিবিভাগের সময় কয়টি প্রধান উদ্ভিদ অঞ্চলের ভাগের সাহায্য নেন?
(a) 2টি (b) 7টি (c) 4টি (d) 5টি

145. 'BSK' জলবায়ুর উদাহরণ হল
(a) স্তেপ জলবায়ু (b) মরু জলবায়ু
(c) আর্দ্র ক্রান্তীয় জলবায়ু (d) মেরু জলবায়ু

146. P/E সূচকের প্রবক্তা কে?
(a) থর্নওয়েট (b) কোপেন (c) ট্রিওয়ার্থা (d) এ. হ্যালি

147. P/E সূচকের অনুপাত হল
(a) $11{\cdot}5\ (r/t-10)^{10/9}$ (b) $11.0\ (rt-10)^{10/9}$
(c) $11{\cdot}5\ (rt-10)^{9/10}$ (d) $11{\cdot}5\ (rt + 10)^{9/10}$

148. P/E সূচকের ভিত্তিতে থর্নওয়েট কটি আর্দ্রতা অঞ্চলে বিভক্ত করেন?
(a) 4টি (b) 5টি (c) 6টি (d) 7টি

149. থর্নওয়েট নির্মিত তাপমাত্রা সূচকের সূত্র হল
(a) (t–32)/4 (b) (t + 32) × 4
(c) (t + 32) /4 (d) (t–32) + 4

150. এশিয়া মহাদেশের কোন্ অংশে Am জলবায়ুর প্রভাব দেখা যায়?
(a) উত্তর পূর্ব এশিয়া (b) দক্ষিণ পূর্ব এশিয়া
(c) উত্তর পশ্চিম এশিয়া (d) মধ্য এশিয়া

151. কোপেন অতিরিক্ত 'h' জলবায়ু অঞ্চলটিকে কোন্ অঞ্চল হিসেবে চিহ্নিত করেছেন?
(a) নিম্ন ভূমির জলবায়ু
(b) মালভূমি অঞ্চলের জলবায়ু
(c) উচ্চ ভূমির জলবায়ু
(d) বনভূমি অঞ্চলের জলবায়ু

152. মৌসুমি বায়ুর উৎপত্তিতে বায়ুর চাপবলয় স্থানান্তর তত্ত্বটি হল
(a) হ্যালির (b) ফন-এর (c) জেফ্রির (d) MONEX

153. পর্বতের কোন্ ঢালে শৈলোৎক্ষেপ বৃষ্টিপাত হয়?
(a) অনুবাত ঢালে (b) প্রতিবাত ঢালে
(c) নিম্ন ঢালে (d) উচ্চ ঢালে

154. স্তরে স্তরে সজ্জিত মেঘকে কী বলে?
(a) অলোক মেঘ (b) স্ট্র্যাটাস মেঘ
(c) নিম্বাস মেঘ (d) উপরোক্ত কোনোটিই নয়

155. 34% সূর্যরশ্মি যে মহাশূন্যে বিলীন হয় তার মধ্যে মেঘ দ্বারা প্রতিফলিত হয়
(a) 20% (b) 25% (c) 30% (d) 19%

156. ঘূর্ণবাতের প্রবক্তা হলেন
(a) H. Peddington (b) A. Halley
(c) Koppen (d) উপরোক্ত কোনোটিই নয়

157. 'Blood Rain' কোথায় লক্ষ করা যায়?
(a) মিসিসিপি দ্বীপপুঞ্জে (b) অ্যাড্রিয়াটিক উপকূলে
(c) মেক্সিকোর পূর্ব উপকূলে
(d) নাইজেরিয়ার পূর্ব উপকূলে

158. বায়ুপুঞ্জ নির্ভর করে
(a) তাপমাত্রার উপর (b) আর্দ্রতার উপর
(c) তাপমাত্রা ও আর্দ্রতার উপর (d) উপরোক্ত কোনোটিই নয়

159. বায়ুপুঞ্জের আর্দ্রতা ও তাপমাত্রা নির্ভর করে
(i) বায়ুপুঞ্জের উৎস অঞ্চল
(ii) চলমান বায়ুপুঞ্জের তাপমাত্রা ও আর্দ্রতার ক্রম পরিবর্তন
(iii) বায়ুপুঞ্জের বয়স
(a) শুধু i ঠিক (b) শুধু i ও ii ঠিক
(c) i, ii, iii ঠিক (d) কোনোটিই নয়

160. বায়ুপুঞ্জের উৎস অঞ্চল কটি?
(a) 5টি (b) 6টি (c) 3টি (d) 8টি

161. ভৌগোলিকভাবে বায়ুপুঞ্জকে কটি ভাগে ভাগ করা যায়?
(a) 4টি (b) 2টি (c) 3টি (d) 5টি

162. CP-এর অর্থ
(a) Continental Tropical Airmass
(b) Continental Polar Airmass
(c) Maritime Polar Airmass
(d) Marshlime Tropical Airmass

163. বায়ুপুঞ্জের প্রবক্তা
(a) Vilhelm (b) Jacab Bjerknes
(c) দুজনই (d) উপরোক্ত কেউই নয়

164. mT বায়ুপুঞ্জের উৎপত্তিস্থল কোন্‌টি?
(a) স্থলভাগের উপক্রান্তীয় উচ্চচাপ
(b) জলভাগের ক্রান্তীয় অঞ্চল
(c) স্থলভাগের মেরু অঞ্চল (d) জলভাগের মেরু অঞ্চল

165. পিটারসন বায়ুপুঞ্জকে কটি ভাগে ভাগ করেছেন?
(a) 8টি (b) 5টি (c) 3টি (d) 6টি

166. ট্রিওয়ার্থা বায়ুপুঞ্জকে কটি শ্রেণিতে বিভক্ত করেন?
(a) 2টি (b) 3টি (c) 5টি (d) 6টি

167. বায়ুপ্রাচীরের বিস্তৃতি
(a) 100–200 km (b) 100–200 mt
(c) 50–100 km (d) 50–80 mt

168. কোন্ ঋতুতে সর্বনিম্ন বায়ুর চাপ পরিলক্ষিত হয়?
(a) গ্রীষ্মকাল (b) শীতকাল (c) বসন্ত (d) শরৎকাল

169. 'Frontogenesis' কথাটি প্রথম ব্যবহার করেন
(a) Vilhelm (b) Jacab Bjerkness
(c) Tor Bergeron (d) কেউই নন

170. প্রাচীর গঠন থেকে বিলোপে পৌঁছাতে সময় লাগে
(a) 1–10 দিন (b) 10–15 দিন
(c) 1–10 মাস (d) 5–15 দিন

171. উষ্ণ বায়ুপ্রাচীরের ঢাল হল
(a) 1 : 100–1 : 200 (b) 1 : 50–1 : 100
(c) 1 : 200–1 : 400 (d) 1 : 10–1 : 100

172. শীতল বায়ু প্রাচীরের ঢাল হল
(a) 1 : 100–1 : 200 (b) 1 : 50–1 : 100
(c) 1 : 200–1 : 400 (d) 1 : 10–1 : 100

173. উষ্ণ সীমান্তের নতির পরিমাণ
(a) 1/2°–1° (b) 2°–4°
(c) 1°–3° (d) 4°–5°

174. শীতল সীমান্তের নতির পরিমাণ
(a) 1/2°–1° (b) 2°–4°
(c) 1°–3° (d) 4°–5°

175. 'স্কোয়াল' শব্দের অর্থ
(a) ক্ষণস্থায়ী দমকা ঝড় (b) দীর্ঘস্থায়ী দমকা ঝড়
(c) ক্ষণস্থায়ী ঝড় (d) কোনোটিই নয়

176. স্কোয়াল লাইনের গতিবেগ
(a) 16 নটিক্যাল মাইল (b) 12 নটিক্যাল মাইল
(c) 15 নটিক্যাল মাইল (d) 14 নটিক্যাল মাইল

177. কোন্ Front বেশি বিধ্বংসী?
(a) Cold Front (b) Warm Front
(c) Stationary Front (d) Occluded Front

178. কোন্ Front তাড়াতাড়ি চলমান?
(a) শীতল প্রাচীর (b) উষ্ণ প্রাচীর
(c) অন্তর্ধৃত প্রাচীর (d) স্থির প্রাচীর

179. কোন্ প্রাচীরে বজ্রবিদ্যুৎ (Thunderstrom) সহ বৃষ্টিপাত বেশি হয়?
(a) শীতল প্রাচীর (b) উষ্ণ প্রাচীর
(c) অন্তর্ধৃত প্রাচীর (d) স্থির প্রাচীর

180. সিরাস, অল্টোস্ট্র্যাটাস, অল্টো কিউমুলাস, স্ট্র্যাটাস মেঘ কোন্ প্রাচীরে সৃষ্টি হয়?
(a) উষ্ণ প্রাচীর (b) শীতল প্রাচীর
(c) অন্তধ্বৃত প্রাচীর (d) স্থির প্রাচীর

181. Frontal Inversion কোন্ প্রাচীরের বৈশিষ্ট্য?
(a) অন্তর্ধৃত প্রাচীর (b) উষ্ণ প্রাচীর
(c) শীতল প্রাচীর (d) স্থির প্রাচীর

182. দৈনিক আবহাওয়া মানচিত্রে নিম্নচাপ, বায়ু প্রাচীর, তৎসংলগ্ন আবহাওয়াকে বলে
(a) Climatic Feature (b) Synoptic Feature
(c) Weather feature
(d) উপরোক্ত কোনোটিই নয়

183. Occluded Front-কে উত্তর আমেরিকায় বলে
(a) শীতল সীমান্ত (b) অক্লুডেড ফ্রন্ট
(c) শীতল সীমান্ত অক্লুসান (d) উপরোক্ত কোনোটিই নয়

184.  হল
(a) Cold Front (b) Warm Front
(c) Occluded Front (d) Stationary Front

185.  হল
(a) Cold Front (b) Warm Front
(c) Stationary Front (d) Occluded Front

186. সূর্যের বহিঃপৃষ্ঠের তাপমাত্রা হল
(a) 4000°C (b) 6000°C (c) 8000°C (d) 10,000°C

187. সূর্য থেকে নির্গত শক্তিকে ইলেকট্রোম্যাগনেটিক তরঙ্গ দৈর্ঘ্য বলে আখ্যা দিয়েছেন
(a) Sir Napier Shaw (b) Max Well
(c) Kennelly (d) Picardy

188. সৌর ধ্রুবকের পরিমাণ হল প্রতি মিনিটে প্রায়
(a) 1·93 gram calories per square cm
(b) 1·94 gram calories per square cm
(c) 1·49 gram calories per square cm
(d) 1·50 gram calories per square cm

189. Ultraviolet Rays-এর তরঙ্গ দৈর্ঘ্যের মান
(a) 0.80 μm-এর বেশি (b) 0.60 μm-এর বেশি
(c) 0.40 μm-এর কম (d) 0.40 μm-এর বেশি

190. Infrared Rays-এর তরঙ্গ দৈর্ঘ্য
(a) 0.57 μm-এর কম (b) 0.75 μm-এর কম
(c) 0.58 μm-এর কম (d) 0.75 μm-এর বেশি

191. সমোষ্ণ রেখার বৈশিষ্ট্যের মধ্যে কোন্‌টি ভুল?
(a) কোনো স্থানের উষ্ণতার সঠিক ধারণা পাওয়া যায়
(b) রেখাগুলো কখনও পরস্পরকে ছেদ করে না
(c) পূর্ব-পশ্চিমে বিস্তৃত হয়
(d) জানুয়ারি মাসে স্থলভাগের উপর মেরু অঞ্চলের দিকে বেঁকে যায়

192. উষ্ণমণ্ডলের গড় উষ্ণতা
(a) 10°–20°C (b) 30°–35°C
(c) 20°–27°C (d) 35°–40°C

193. ভূ-পৃষ্ঠের দিকে আগত 100 ভাগ সৌরশক্তির মধ্যে 66 ভাগ বায়ুমণ্ডলকে নানাভাবে উত্তপ্ত করে। এর নাম
(a) অ্যালবেডো
(b) কার্যকরী সৌর বিকিরণ
(c) এক্ষেত্রে (i) ও (ii) ঠিক
(d) এক্ষেত্রে (i) ও (ii) দুটোই ভুল

194. কার্যকরী সৌর বিকিরণ অর্থাৎ, 66 ভাগের মধ্যে শতকরা কতভাগ প্রত্যক্ষ সৌরশক্তি রূপে ভূ-পৃষ্ঠকে উত্তপ্ত করে?
(a) 5% (b) 23% (c) 19% (d) 20%

195. সমোষ্ণ রেখার ক্ষেত্রে কোন্‌টি সঠিক
(a) জানুয়ারি মাসে জলভাগের উপর নিরক্ষরেখার দিকে বাঁকে
(b) জুলাই মাসে স্থলভাগের উপর নিরক্ষরেখার দিকে বাঁকে
(c) জানুয়ারি মাসে জলভাগের উপর মেরু অঞ্চলের দিকে বেঁকে যায়
(d) উপরের সবকটি সঠিক

196. অ্যালবেডোর পরিমাণ
(a) 32% (b) 33% (c) 34% (d) 43%

197. সূর্য থেকে বিকিরিত তাপশক্তির কত ভাগ ক্ষুদ্র তড়িৎচুম্বকীয় তরঙ্গরূপে ভূ-পৃষ্ঠে এসে পৌঁছায়?
(a) 100 কোটি ভাগের এক ভাগ
(b) 200 কোটি ভাগের দুই ভাগ
(c) 100 কোটি ভাগের দুই ভাগ
(d) 200 কোটি ভাগের এক ভাগ

198. আমেরিকা যুক্তরাষ্ট্রের Smithsonian Institute-এর মতে, Insolation-এর পরিমাণ প্রতি মিনিটে প্রতি বর্গসেমিতে
(a) 1·94 গ্রাম/ক্যালোরি (b) 1·95 গ্রাম/ক্যালোরি
(c) 1·96 গ্রাম/ক্যালোরি (d) 1·97 গ্রাম/ক্যালোরি

199. সূর্য থেকে যে আলোকরশ্মি বায়ুমণ্ডল ভেদ করে আসে তাকে বলে
(a) দীর্ঘ তরঙ্গ (b) ক্ষুদ্র তরঙ্গ
(c) (a) ও (b) ঠিক (d) সবকটি ভুল

200. তাপ বিষুবরেখা (Thermal equator) দেখতে পাওয়া যায়
(a) বিষুবরেখায়
(b) ভৌগোলিক বিষুবরেখার (Geographical equator) দক্ষিণে
(c) ভৌগোলিক বিষুবরেখার উত্তরে
(d) (b) ও (c) দুটোই ঠিক

201. পৃথিবীতে ইনসোলেশনের অসম বণ্টন নিয়ন্ত্রিত হয়
(a) পৃথিবীর গোলাকার আকৃতির জন্য
(b) জলভাগ ও স্থলভাগের বন্টন
(c) বায়ু প্রবাহের দিক (d) বায়ুচাপ বলয়ের উপস্থিতি

202. অ্যালবেডো অর্থাৎ, 34%-এর মধ্যে বায়ুমণ্ডল দ্বারা প্রতিফলিত হয়ে ফিরে যায়
(a) 2% (b) 7% (c) 25% (d) 17%

203. মানচিত্রে সমোষ্ণ রেখা প্রদর্শিত হয়
(a) জানুয়ারি মাসে (b) জুলাই মাসে
(c) (a) ও (b) সঠিক (d) (a) ও (b) ভুল

204. অক্ষাংশীয় উত্তাপের সমতা (Latitudional Heat Balance)-এর প্রবক্তা হলেন
(a) H.G. Houghton (b) J.E. Hobbs
(c) Baun & Phillips (d) উপরোক্ত কোনোটিই নয়

205. তাপ বিষুবরেখার ক্ষেত্রে কোন্‌টি ভুল?
(a) প্রতিটি অক্ষরেখার সর্বোচ্চ উষ্ণতার সঙ্গে সম্পর্ক যুক্ত
(b) নিরক্ষরেখা বরাবর অবস্থান করে
(c) উত্তরায়ণ ও দক্ষিণায়নের সঙ্গে সঙ্গে এই রেখা উত্তরে ও দক্ষিণে সরে যায়
(d) উপরোক্ত সবগুলিই সঠিক

206. সৌরবিকিরণের ______ তরঙ্গকে বায়ুমণ্ডলের বাতায়ন বলে।
(a) 8–12 μm (b) 12–14 μm
(c) 14–15 μm (d) 15–16 μm

207. 110 মিটার উচ্চতা বৃদ্ধিতে বায়ুর চাপ কমে
(a) 1·34 mb (b) 3·4 mb (c) 4·3 mb (d) 2·34 mb

208. সুমেরু ও কুমেরু বৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয়ের অক্ষাংশগত অবস্থান হল
(a) 25°–30° উঃ দঃ (b) 45°–55° উঃ দঃ
(c) 60°–70° উঃ দঃ (d) সব কটি ভুল

209. 'ITCZ' কথাটির অর্থ হল
(a) Inner Tropical Convergence Zone
(b) Innate Tropical Convergence Zone
(c) Inter Tropical Convergence Zone
(d) Inter Temperate Convergence Zone

210. আন্তঃক্রান্তীয় মিলন অঞ্চল সম্বন্ধে সঠিক তথ্যটি হল
(a) অবস্থান : 5°–10° উঃ দঃ অক্ষাংশের মধ্যে
(b) উত্তর-পূর্ব ও দক্ষিণ-পূর্ব আয়ন বায়ুর মিলনের ফলে সৃষ্টি হয়
(c) নিরক্ষীয় অঞ্চল বরাবর এটি স্থানে স্থানে বিচ্ছিন্ন
(d) সবকটিই সঠিক

211. নিরক্ষীয় শান্ত বলয়ের সম্বন্ধে সঠিক তথ্যটি হল
(a) এর অপর নাম Doldrums বা Equatorial Belt of calm
(b) অক্ষাংশগত অবস্থান—5°–10° উঃ/দঃ অক্ষাংশ
(c) ভূ-পৃষ্ঠে বায়ুর পার্শ্বপ্রবাহ অনুভব করা যায় না
(d) সবকটিই সঠিক

212. ব্যারোমিটার যন্ত্রে পারদস্তম্ভে বায়ুর চাপ ______ মিলিবারের বেশি হলে তাকে বায়ুর উচ্চচাপ বলা হয়।
(a) 1012·25 মিলিবার (b) 1013·25 মিলিবার
(c) 1014·25 মিলিবার (d) 1015·25 মিলিবার

213. উচ্চচাপ সম্বন্ধে সঠিক তথ্যটি হল

(a) ব্যারোমিটার যন্ত্রে পারদস্তম্ভে বায়ুর চাপ 1013·25 মিলিবারের বেশি

(b) সমচাপ রেখা বৃত্তাকার বা প্রায় বৃত্তাকারে বিস্তৃত এবং কেন্দ্রে চাপ বেশি ও বাইরের কম

(c) নিম্নচাপ অঞ্চল থেকে উচ্চচাপের দিকে বায়ু ছুটে আসে

(d) উপরের সবকটি ঠিক

214. সঠিক জোড়াটি নির্বাচিত করো :

(a) বায়ুর চাপ—অ্যানিমোমিটার

(b) বায়ুর দিক—বাতপতাকা

(c) বায়ুর গতিবেগ মাপার যন্ত্র—ব্যারোমিটার

(d) সবগুলিই ঠিক

215. প্রমাণ সমুদ্র পৃষ্ঠীয় বায়ুর চাপ

(a) 1013·25 মিলিবার (b) 1014·25 মিলিবার

(c) 1015·25 মিলিবার (d) 1016·25 মিলিবার

216. সাধারণ ব্যারোমিটার যন্ত্রে পারদস্তম্ভ—— মিলিবারের কম হলে সেই অবস্থাকে বায়ুর নিম্নচাপ বলে

(a) 985 মিলিবার (b) 986 মিলিবার

(c) 987 মিলিবার (d) 988 মিলিবার

217. Edmund Halley কত সালে হ্যাডলি কক্ষের প্রথম ধারণা দিয়েছিলেন?

(a) 1686 (b) 1687 (c) 1688 (d) 1689

218. হ্যাডলি কোশের ধারণা 1735 সালে কে সংমার্জিত করেন?

(a) Edmund Halley (b) G. Hadley

(c) (a) ও (b) দুটোই ঠিক

(d) (a) ও (b) দুটোই ভুল

219. বায়ুচাপ বলয় স্থান পরিবর্তন করে, কারণ

(a) স্থলভাগ ও জলভাগের অবস্থান

(b) সূর্যের আপাত বার্ষিক গতি

(c) সূর্যরশ্মির পতন কোণের পার্থক্য (d) সবকটিই ঠিক

220. বায়ুচাপের তারতম্যের কারণ

(a) বায়ুর উষ্ণতা (b) বায়ুতে জলীয় বাষ্পের পরিমাণ

(c) স্থলভাগ ও জলভাগের বণ্টন

(d) সবকটিই ঠিক

221. 270 মিটার উচ্চতা বৃদ্ধিতে বায়ুর চাপ কমে

(a) 1·34 mb (b) 1·43 mb

(c) 3·4 mb (d) 4·3 mb

222. বায়ুচাপের একক

(a) ইঞ্চি (b) মিলিবার (c) পাস্কাল (d) সবকটি ঠিক

223. অশ্ব অক্ষাংশের অবস্থান

(a) 20° উঃ – 25° দঃ অক্ষাংশের মধ্যে

(b) 25° উঃ – 35° উঃ অক্ষাংশের মধ্যে

(c) 40° দঃ – 45° দঃ অক্ষাংশের মধ্যে

(d) 50° উঃ – 55° উঃ অক্ষাংশের মধ্যে

224. অশ্ব অক্ষাংশ কোন্ বায়ুচাপ বলয়ে অবস্থিত?

(a) নিরক্ষীয় নিম্নচাপ বলয়

(b) সুমেরু ও কুমেরু বৃত্তপ্রদেশীয় নিম্নচাপ বলয়

(c) কর্কটীয় উচ্চচাপ বলয়

(d) সুমেরু ও কুমেরু উচ্চচাপ বলয়

225. বায়ুচাপ কক্ষ সম্বন্ধে ভুল তথ্যটি হল

(a) উত্তর গোলার্ধে বায়ুচাপ কক্ষের সংখ্যা বেশি

(b) দক্ষিণ গোলার্ধে বায়ুচাপ কক্ষের সংখ্যা কম

(c) তাপগ্রাহিতার তারতম্য জনিত কারণে উৎপত্তি হয়

(d) বায়ুচাপ কক্ষ তিনটি ভাগে বিভক্ত

226. আয়ন বায়ু প্রবাহিত হয়

(a) কর্কটীয় ও মকরীয় উচ্চচাপ বলয় থেকে নিরক্ষীয় নিম্নচাপ বলয়ের দিকে

(b) কর্কটীয় ও মকরীয় উচ্চচাপ বলয় থেকে সুমেরু ও কুমেরু বৃত্তের নিম্নচাপ বলয়ের দিকে

(c) সুমেরু ও কুমেরু উচ্চচাপ বলয় থেকে সুমেরু ও কুমেরু বৃত্তের নিম্নচাপ বলয়ের দিকে

(d) সবকটিই ভুল

227. ঘূর্ণবাতের কেন্দ্রে শান্ত আবহাওয়া বিশিষ্ট অংশটিকে বলে

(a) ঘূর্ণি (b) কুণ্ডলী বলয়

(c) অঙ্গুরীকার বলয় (d) চক্ষু

228. ক্রান্তীয় ঘূর্ণবাতের উৎপত্তিস্থল হল

(a) উষ্ণ সমুদ্রপৃষ্ঠ (b) শীতল সমুদ্রপৃষ্ঠ

(c) উষ্ণ ভূ-পৃষ্ঠ (d) বরফ পৃষ্ঠ

229. ক্রান্তীয় ঘূর্ণবাত সৃষ্টির জন্য সমুদ্র জলের তাপমাত্রা কমপক্ষে হওয়া দরকার

(a) 24°C (b) 25°C

(c) 26°C (d) 27°C

230. ঘূর্ণবাতের বৈশিষ্ট্যের কোন্‌টি ভুল?

(a) ঘূর্ণবাতের কেন্দ্রে বায়ুর চাপ 600–800 মিলিবার

(b) বায়ুর গতিবেগ ঘণ্টায় 400 কিমি পর্যন্ত হতে পারে

(c) উত্তর গোলার্ধে বামাবর্তে প্রবাহিত হয়

(d) ঘূর্ণবাতের কেন্দ্রে শান্ত আবহাওয়া বিরাজ করে বলে একে ঘূর্ণবাতের চক্ষু বলে

231. Blood Rain সম্পর্কযুক্ত _______ এর সঙ্গে।
(a) মিস্ট্রাল (b) হারমাট্টান (c) ফন (d) সিরক্কো

232. টর্নেডোর ক্ষেত্রে কোন্ তথ্যটি ভুল?
(a) মিসিসিপি নদীর আববাহিকায় আগমন ঘটে
(b) স্পেনীয় শব্দ টর্নেডো
(c) শীতের প্রথম ভাগে আগমন ঘটে
(d) টর্নেডোর অর্থ বজ্রবিদ্যুৎ সহ ঝড়বৃষ্টি

233. 'Doctor Wind' বলা হয়
(a) চিনুক (b) ফন (c) হারমাট্টান (d) ব্যাগুই

234. Doctor Wind-এর ক্ষেত্রে সঠিক তথ্যটি হল
(a) হারমাট্টানকেই 'Doctor Wind' বলে
(b) এটি একটি উষ্ণ ও আর্দ্র স্থানীয় বায়ু
(c) এই বায়ু আগমনের পূর্বে এক অস্বাস্থ্যকর পরিবেশ দেখা যায়
(d) সবকটিই ঠিক

235. ঘূর্ণবাতের প্রবক্তা হলেন
(a) Henry Peddington (b) Fitzroy
(c) J. Bjerknes (d) Tor Bergeron

236. উইলি উইলি-এর উৎপত্তি স্থল হল
(a) উত্তর ভারত মহাসাগর (b) জাপান সাগর
(c) দক্ষিণ ভারত মহাসাগর (d) দক্ষিণ চিন সাগর

237. ভুল জোড় কোন্‌টি?
(a) ব্যাগুই—উত্তর ভারত মহাসাগর
(b) টাইফুন—দক্ষিণ চিন সাগর
(c) হ্যারিকেন—ক্যারিবিয়ান সাগর
(d) তাইফুন—দক্ষিণ ভারত মহাসাগর

238. পশ্চিম আটলান্টিক মহাসাগর হল—ঘূর্ণবাত-এর উৎপত্তি স্থল
(a) টর্নেডো (b) ক্যাটরিনা
(c) রিটা (d) সবকটিই ঠিক

239. মেরু সীমান্ত মতবাদের প্রবক্তা
(a) ভি বার্কনেস (b) জে. বার্কনেস
(c) সোলবার্গ (d) সবকটি ঠিক

240. নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতের উৎপত্তি হয়
(a) দুটি ভিন্নধর্মী বায়ুর মিলনে (b) দুটি সমধর্মী বায়ুর মিলনে
(c) উষ্ণ ও আর্দ্র বায়ুর মিলনে
(d) শুষ্ক ও শীতল বায়ুর মিলনে

241. প্রতীপ ঘূর্ণবাতে যেরকম আবহাওয়া থাকে
(a) মেঘাচ্ছন্ন আকাশ (b) মেঘমুক্ত আকাশ
(c) বজ্র-ঝঞ্ঝাপূর্ণ আকাশ (d) উষ্ণ হালকা বায়ুপ্রবাহ

242. প্রতীপ ঘূর্ণবাতের সৃষ্টি হয়
(a) শীতল সমুদ্রে (b) উপকূলবর্তী স্থলভাগে
(c) অভ্যন্তরীণ স্থলভাগে (d) উষ্ণ সমুদ্রে

243. ঘূর্ণবাতের শক্তির উৎসস্থল হল
(a) যান্ত্রিক শক্তি (b) রাসায়নিক শক্তি
(c) জলীয় বাষ্প ও অন্তর্নিহিত লীনতাপ
(d) বাষ্পমোচন

244. ঘূর্ণবাতের অবস্থান ও গতিপথ পরিবর্তিত হয়
(a) উত্তরায়ণের সময় (b) দক্ষিণায়নের সময়
(c) উত্তরায়ণ ও দক্ষিণায়নের সময়
(d) মহাবিষুবের সময়

245. নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতে দেখা যায়
(a) কিউমুলাস মেঘ (b) কিউমুলোনিম্বাস মেঘ
(c) স্ট্র্যাটাস মেঘ (d) নিম্বাস মেঘ

246. ঘূর্ণবাতকে সচল রাখতে শক্তির জোগান আসে যেখান থেকে তা হল
(a) সূর্য রশ্মি (b) লীন তাপ ও জলীয় বাষ্প
(c) শুষ্ক উষ্ণ বায়ু (d) ঘর্ষণজনিত তাপ

247. স্যাপিরো ও কাইসার মডেলে কোন্ বিষয়ের ধারণা পাওয়া যায়?
(a) নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতের
(b) মৌসুমি বায়ুর
(c) ভূমিকম্পের (d) উষ্ণতার তারতম্যের

248. উষ্ণ ও শীতল সীমান্ত সৃষ্টি হয়
(a) মধ্য অক্ষাংশীয় ঘূর্ণবাতে (b) ক্রান্তীয় ঘূর্ণবাতে
(c) বজ্র ঝঞ্ঝায় (d) প্রবল বর্ষণে

249. নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতে সমচাপ রেখার ব্যবধান (কেন্দ্র ও বাইরের মধ্যে চাপের ব্যবধান)
(a) 5–10 mb (b) 10–20 mb
(c) 20–25 mb (d) 25–35 mb

250. নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতের উৎপত্তি সম্পর্কে মতবাদগুলি হল
(a) মেরু সীমান্ত বা তরঙ্গ মতবাদ
(b) ব্যারোক্লিনিক মতবাদ
(c) (a) ও (b) দুটোই ঠিক
(d) (a) ও (b) দুটোই ভুল

251. মধ্য অক্ষাংশীয় ঘূর্ণবাতে দুটি ভিন্নধর্মী সীমান্ত মিলে যে সীমান্তের সৃষ্টি হয় তাকে বলে
(a) শীতল সীমান্ত (b) উষ্ণ সীমান্ত
(c) অবরুদ্ধ সীমান্ত বা অন্তর্ধৃত সীমান্ত
(d) অন্তর্লীন সীমান্ত